ফডারেল মেজিস্ট্রেট কতৃক অভিবাসন সিদ্ধান্তের পূনর্বিবেচনা

এই পুস্তিকা কাদের জন্য

এই পুস্তিকাটি তাদের জন্য যারা Federal Magistrates Court of Australia কতৃক ভিসা সংক্রান্ত সিদ্ধান্ত পূনর্বিবেচনা করাতে চান।

কোন সিদ্ধান্তগুলি আদালত পূনর্বিবেচনা করতে পারেন?

আদালত *Migration Act 1958* এর অধীন নেওয়া কিছু কিছু সিদ্ধান্ত পূনর্বিবেচনা করতে পারেন। অভিবাসন (ইমিগ্রেশন) আইনের অধীনে যারা সিদ্ধান্ত নিতে পারেন তারা হলেন অভিবাসন এবং নাগরিকত্ব সম্পর্কিত মন্ত্রী, Refugee Review Tribunal এর সদস্যবৃন্দ এবং Migration Review Tribunal।

আদালত কেবলমাত্র 'আইনগত ক্রটি' (jurisdictional error) সম্মন্ধে নিশ্চিত হওয়ার জন্যই একটি সিদ্ধান্ত পূনর্বিবেচনা করতে পারেন। এর অর্থ রায়টি আইনানুগ হয়েছে কিনা সে সম্মন্ধে আদালত সিদ্ধান্ত নেয়।

আদালত কি করতে পারেন?

আপনার পূনর্বিবেচনার আবেদন পত্র যদি সফল হয়, তাহলে আদালত আপনার কেসটি যারা আপনার ভিসা সম্মন্ধে সিদ্ধান্ত নেওয়ার দায়িত্বে আছেন তাদের কাছে স্থানান্তর করতে পারেন। আদালত মন্ত্রীকেও এই সিদ্ধান্ত সম্মন্ধে কোন পদক্ষেপ নেওয়া থেকে বিরত রাখতে পারেন।

আদালত কি করতে অপারগ?

আদালত আপনার আবেদনের ভালো দিকগুলি পূনর্বিবেচনা করতে পারবেন না এবং আপনাকে ভিসা দেওয়া উচিৎ কিনা সে ব্যাপারেও কোন সিদ্ধান্ত নিতে পারবেন না।

আদালত কি স্বাধীন?

হ্যাঁ, আদালত যারা অভিবাসন আইনের পক্ষে রায় দেন তাদের দ্বারা প্রভাবিত নন।

কারা আবেদন করতে পারবেন?

আপনি যদি রায়ে সন্তুষ্ট না হন এবং মনে করেন যে রায়ে আইনগত দৃষ্টিকোন থেকে ভুল করা হয়েছে, তাহলে আপনি আদালতে আবেদন করতে পারেন। আবেদন পত্র পূরন করার আগে আপনার আইনগত পরামর্শ নেওয়া উচিৎ।

আদালতের শুনানী কি গোপনীয়?

সাধারনতঃ আদালতের শুনানী জনসাধারনের জন্য উন্মুক্ত। যদি আপনার মামলা নিরাপত্তা ভিসা সম্পর্কিত হয়, তাহলে আদালত আপনার পরিচিতি প্রকাশ করতে পারবেন না।

সময়সীমা কত?

ভিসার সিদ্ধান্ত ঘোষনার 35 দিনের মধ্যে আপনাকে পূনর্বিবেচনার জন্য আবেদন করতে হবে। আদালত সময়সীমা বাড়াতেও পারেন। আপনার যদি সময় বাড়ানোর প্রয়োজন হয়, তবে আপনাকে অবশ্যই তার কারন ব্যাখ্যা করে দরখাস্তে উল্লেখ করতে হবে।

কোন ফরমগুলি আমাকে পূরন করতে হবে?

পূনর্বিবেচনার জন্য আবেদন করতে হলে, আপনাকে পূরন করতে হবে:

- একটি আবেদন পত্র এবং
- একটি affidavit

আপনি এই কাগজগুলি **www.fmc.gov.au** থেকে অথবা আপনার নিকটস্থ কোন court registry থেকে সংগ্রহ করতে পারেন।

রায় প্রদানকারী কি আইনগত ক্রটি করেছেন বলে আপনি মনে করেন তা আপনার আবেদন পত্রে অবশ্যই উল্লেখ থাকতে হবে। এফিডেভিটে আপনাকে অবশ্যই উল্লেখিত ক্রটি সম্পর্কিত সব তথ্য এবং অবস্থাগুলি ব্যাখ্যা করতে হবে। রায়ের একটি অনুলিপি এবং রায়ের পেছনের কারন উল্লেখ করে একটি বিবরনী আপনাকে অবশ্যই এফিডেভিটের সাথে জমা দিতে হবে।

ফরমগুলি কার কাছে জমা দিতে হবে?

পূরনকৃত আবেদন পত্র এবং অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্র আপনাকে আদালতে জমা দিতে হবে। জমা দেওয়ার পর আবেদন পত্র এবং প্রয়োজনীয় কাগজপত্রের একটি সীলকৃত অনুলিপি আপনাকে অবশ্যই মন্ত্রী এবং বেশীরভাগ ক্ষেত্রে যে ট্রাইবুনাল রায় দিয়েছিল তাদের নিকট পাঠাতে হবে। এই পদ্ধতিকে বলা হয় service of documents।

আপনি Department of Immigration and Citizenship এর মাধ্যমে মন্ত্রীর নিকট কাগজপত্রগুলি পাঠাতে পারেন। Department of Immigration and Citizenship এর অফিস প্রত্যেকটি রাজধানী শহরে আছে। পূর্ন ঠিকানার জন্য আপনি **www.immi.gov.au** দেখুন অথবা 131 881 নম্বরে ফোন করুন।

আদালতের শুনানিতে কি হয়?

আদালত শুনানির জন্য একটি সময় এবং তারিখ নির্ধারন করবে। প্রথম দিন আদালত নিম্নোক্ত নির্দেশাবলী দিতে পারে:

- একটি জরুরি শুনানী
- একটি দ্বিতীয় অথবা চুড়ান্ত শুনানীর তারিখ
- একটি স্বল্পমেয়াদি নির্দেশ
- পরিবর্তিত অথবা বাড়তি কাগজপত্র সংগ্রহ

যদি আদালত একটি চুড়ান্ত শুনানী অথবা চুড়ান্ত শুনানীর আগে একটি দ্বিতীয় শুনানীর নির্দেশ দেয়, তাহলে আপনার মামলাটি যে একটি arguable case তা আপনাকে আদালতে দেখাতে হবে। যদি আপনি দেখাতে না পারেন যে আপনার মামলাটি বিতর্কিত তাহলে আদালত আপনার আবেদন চুড়ান্ত শুনানী ছাড়াই পরিত্যাগ করতে পারে।

প্রতিটি শুনানীতে আদালত আপনাকে মামলা সম্পর্কিত সমস্যাগুলি সমাধান করার জন্য সুযোগ দেবে। আপনার যদি কোন আইনজ্ঞ থাকে তাহলে তারাই আপনার হয়ে কথা বলবেন। সাধারণতঃ একজন আইনজ্ঞ মন্ত্রীর প্রতিণিধি হয়ে কথা বলবে এবং আপনি কিংবা আপনার আইনজ্ঞ তাদের কথার জবাব দেবার সুযোগ পাবেন। শুনানী যেদিন থাকবে সেদিনই আপানাকে আদালতে উপস্থিত থাকতে হবে যদি না আদালত আপনাকে উপস্থিত থাকা থেকে অব্যাহতি দেন।

বেশীর ভাগ সময়েই আদালত চুড়ান্ত শুনানীর শেষে রায় ঘোষনা করেন। যদি তা না হয়, তাহলে যে তারিখে আদালত রায় ঘোষনা করবের তা জানিয়ে দেওয়া হবে।

দোভাষী কি রাখা যাবে?

131 450 নাম্বারে দোভাষী টেলিফোন সেবাতে ফোন করে আপনি আদালতের সাথে যোগাযোগ করতে পারেন। শুনানীতে অনুবাদ করে দেওয়ার জন্য আপনার যদি দোভাষীর প্রয়োজন হয়, তাহলে আপনাকে তা আবেদন পত্রে উল্লেখ করতে হবে।

আমাকে কি কোন টাকা দিতে হবে?

আবেদন করার সময় আপনাকে একটা ফি প্রদান করতে হবে এবং চুড়ান্ত শুনানীর জন্য দিতে হবে অন্য একটা ফি। কিছু কিছু ক্ষেত্রে ফি প্রযোজ্য নয়। আপনি যদি ফি সম্মন্ধে আরো জানতে চান তাহলে আদালতের রেজিস্ট্রি কর্মচারীর সাথে কথা বলুন।

যদি আদালত আপনার আবেদন খারিজ করে দেন তাহলে আপনাকে সংশ্লিষ্ট দপ্তরের প্রাতিষ্ঠানিক ফি দিতে হতে পারে। শুনানী ছাড়া যদি আপনি মামলা বন্ধ করতে চান, তাহলে আপনাকে সংশ্লিষ্ট দপ্তরের প্রাতিষ্ঠানিক ফি'র একটি হ্রাসকৃত অংশ প্রদান করতে হবে।

আমি কি আমার মামলা তুলে নিতে পারি?

হ্যাঁ আপনি পারেন। চড়ান্ত শুনানীর আগে যদি 14 দিনের কম সময় থাকে, তাহলে মামলা তুলে নেওয়ার জন্য আপনাকে আদালতের অনুমতি নিতে হবে।

আমার কি আইনগত পরামর্শ নেওয়ার দরকার হবে?

যত শীঘ্র সম্ভব আপনার আবেদন সম্মন্ধে আপনার আইনগত পরামর্শ নেওয়া উচিৎ। আইনগত সাহায্য প্রদানকারী অফিস অথবা কম্যুনিটি লিগ্যাল সেন্টার থেকে আপনি কিছু ফ্রি পরামর্শ পেতে পারেন। অন্যথায় আপনাকে নিজের আইনজ্ঞ নিজে নিয়োগ করতে হবে এবং এর জন্য প্রয়োজনীয় খরচ বহন করতে হবে।

এই পুস্তিকাতে কেবল সাধারন তথ্য দেওয়া হয়েছে, কোন আইনগত উপদেশ দেওয়া হয়নি। আপনার যদি কোন আইনগত সমস্যা থাকে তাহলে কি করতে হবে অথবা আদালতে আবেদন করবেন কি না সে সম্মন্ধে সিদ্ধান্ত নেওয়ার আগে একজন আইনজ্ঞের সাথে যোগাযোগ করা উচিৎ। Federal Magistrates Court আইনগত পরামর্শ প্রদান করে না।